

■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৬২

২৪/ হজ্জের নিয়ম পদ্ধতি (کتاب مناسك الحج) পরিচ্ছেদঃ ১০২. যে শক্র কর্তৃক বাধাপ্রাপ্ত হয়

فِيمَنْ أُحْصِرَ بِعَدُّقٍ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ الْمُقْرِئُ قَالَ حَدَّثَنَا أَبِي قَالَ حَدَّثَنَا جُوَيْرِيَةُ عَنْ نَافِعٍ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عَبْدِ اللَّهِ أَخْبَرَاهُ أَنَّهُمَا كَلَّمَا عَبْدَ اللَّهِ بْنَ عُمْرَ لَمَّا نَزَلَ الْجَيْشُ بِإِبْنِ الزُّبَيْرِ قَبْلَ أَنْ يُقْتَلَ فَقَالَا لَا يَضِرُكَ أَنْ لَا تَحُجَّ الْعَامَ إِنَّا نَخَافُ أَنْ يُحَالَ بَيْنَنَا وَبَيْنَ الْبَيْتِ قَالَ خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَحَالَ كُفَّارُ قُرَيْشٍ بَيْنَنَا وَبَيْنَ الْبَيْتِ فَنَحَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَدْيَهُ وَحَلَقَ رَأْسَهُ وَأُشْهِدُكُمْ أَنِّي قَدْ دُونَ الْبَيْتِ فَعَلْتُ مَا فَعَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَدْيَهُ وَحَلَقَ رَأْسَهُ وَأُشْهِدُكُمْ أَنِّي قَدْ أَوْجَبْتُ عَمْرَةً إِنْ شَاءَ اللَّهُ أَنْطَلِقُ فَإِنْ خُلِّيَ بَيْنِي وَبَيْنَ الْبَيْتِ طَفْتُ وَإِنْ حِيلَ بَيْنِي وَبَيْنَ الْبَيْتِ طَفْتُ وَإِنْ حِيلَ بَيْنِي وَبَيْنَ الْبَيْتِ فَعُلْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا مَعَهُ ثُمَّ سَارَ سَاعَةً ثُمَّ قَالَ الْبَيْتِ فَعَلْتُ مَا فَعَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا مَعَهُ ثُمَّ سَارَ سَاعَةً ثُمَّ قَالَ الْبَيْتِ فَعْلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا مَعَهُ ثُمَّ سَارَ سَاعَةً ثُمَّ قَالَ الْبَيْتِ فَعَلْ أَنْكُومَا وَاحِدُ أُشْهِدُكُمْ أَنِي قَدْ أَوْجَبْتُ حَجَّةً مَعَ عُمْرَتِي فَلَمْ يَحْلِلْ مِنْهُمَا حَتَّى

বাংলা

২৮৬২. মুহাম্মদ ইবন আবদুল্লাহ্ ইবন ইয়াযীদ মুকরী (রহঃ) ... নাফি' (রহঃ) বলেন, আবদুল্লাহ্ ইবন আবদুল্লাহ্ এবং সালিম ইবন আবদুল্লাহ্ তাকে সংবাদ দিয়েছেন যে, যখন আবদুল্লাহ্ ইবন যুবোয়র (রাঃ) (শক্র) সেনা কর্তৃক আক্রান্ত হলেন, তখন তাঁর শহীদ হওয়ার পূর্বে তারা উভয়ে আবদুল্লাহ্ ইবন উমর (রাঃ)-এর সাথে এই মর্মে আলাপ করলেন যে, এ বৎসর হজ্জ না করলে আপনার কোন ক্ষতি হবে না। আমরা আশংকা করি যে, আপনার এবং বায়তুল্লাহর মধ্যে শক্র প্রতিবন্ধক হবে।

তিনি বললেনঃ আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বের হলাম। তখন কাফির কুরায়শরা বায়তুল্লাহর নিকট প্রতিবন্ধকতা সৃষ্টি করলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কুরবানীর পশু যাবাহ করলেন, মাথা মুগুন করলেন এবং বললেন যে, আমি তোমাদেরকে সাক্ষী রেখে বলছি, আমি ইনশা আল্লাহ উমরাহ্ আদায় করবো। চল, যদি আমার ও বায়তুল্লাহর মধ্যে প্রতিবন্ধকতা সৃষ্টি না হয়, তাহলে তাওয়াফ করবো। আর



যদি প্রতিবন্ধকতা সৃষ্টি হয়, তাহলে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে যখন ছিলাম তখন তিনি যা করেছেন, আমিও এখন তা করবো। তারপর তিনি কিছুক্ষণ চললেন এবং বললেনঃ উভয়ের অর্থাৎ হজ্জ ও উমরাহর অবস্থা একই। আমি তোমাদেরকে সাক্ষী রাখছি যে, আমি আমার উমরাহর সাথে হজ্জকে ওয়াজিব করে নিয়েছি। তিনি তা থেকে হালাল হলেন না। কুরবানীর দিন হালাল হলেন এবং কুরবানী করলেন।

English

It was narrated from Nafi that:

Abdulla bin Abdullah and salim bin Abdullah bin Umar when the army besiged Ibn Az-Zubair before he was killed. They said: "It does not matter if you do not perform Hajj this year; we are afraid lest we are prevented from reaching the House." He Sadi: we went out with the Messenger of Allah and the disbelievers of the Quraish prevented us from reaching the House. So the Messenger of Allah slaughtered his Hadi and shave his head. I ask you to bear witness that I have resolved to peform Umrah. If Allah wills I will set out and if I am allowed to reach the House I will circumambulate it, and if I am prevented from reaching the House I will do what the Messenger of Allah did when I was with him." Then he traveled for a while, then he said: "They are both the same. I ask you to bear witness that I have resolved to perform Hajj as well as Umrah. And he did not exit Ihram for either until he exited Ihram on the Day of Sacrifice and offered his Hadi.

ফুটনোট

তাহক্বীকঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন